# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫২০

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৪. নারীর যৌনাঙ্গ ও পশ্চাদ্বার এবং পুরুষাঙ্গ স্পর্শ করা সম্পর্কিত বর্ণনা এবং তার বিধান

بَابُ مَا رُوِيَ فِي لَمْسِ الْقُبُلِ وَالدُّبُرِ وَالذَّكَرِ ، وَالْحُكْمُ فِي ذَلِكَ

---

আরবী

حَدَّثَنَا أَبُو حَامِدٍ مُحَمَّدُ بْنُ هَارُونَ ، نَا إِسْحَاقُ بْنُ أَبِي إِسْرَائِيلَ ، نَا مُحَمَّدُ بْنُ جَابِرٍ ، عَنْ قَيْسِ بْنِ طَلْقٍ ، عَنْ أَبِيهِ ، قَالَ : كُنْتُ عِنْدَ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فَأَتَاهُ رَجُلٌ فَسَأَلَهُ عَنْ مَسِّ الذَّكَرِ ، فَقَالَ : " إِنَّمَا هُوَ بَضْعَةٌ مِنْكَ " ، قَالَ ابْنُ أَبِي حَاتِمٍ : سَأَلْتُ أَبِي ، وَأَبَا زُرْعَةَ عَنْ حَدِيثِ مُحَمَّدِ بْنِ جَابِرٍ هَذَا ؟ فَقَالَا : قَيْسُ بْنُ طَلْقٍ لَيْسَ هُوَ مِمَّنْ يَقُومُ بِهِ حُجَّةٌ وَوَهَّنَاهُ ، وَلَمْ يُثْبِتَاهُ

বাংলা

৫২০(১৫). আবু হামেদ মুহাম্মাদ ইবনে হারূন (রহঃ) ... কায়েস ইবনে তালক (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত ছিলাম। তখন তাঁর নিকট এক ব্যক্তি এসে তাঁকে লজ্জাস্থান স্পর্শ করা সম্পর্কে জিজ্ঞেস করলো। তিনি বলেনঃ “নিশ্চয়ই এটা তোমার দেহের একটা অংশ বৈ কিছু নয়”।

ইবনে আবু হাতেম (রহঃ) বলেন, আমি আমার পিতা ও আবু যুরআ (রহঃ)-কে এই মুহাম্মাদ ইবনে জাবের-এর হাদীস সম্পর্কে জিজ্ঞেস করলাম। তারা উভয় বলেন, কায়েস ইবনে তলকের হাদীস দলীলযোগ্য নয়। তারা উভয়ে তাকে তুচ্ছজ্ঞান করলেন এবং তাকে নির্ভরযোগ্য রাবী বলে বিবেচনা করেননি।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ⎕ বর্ণনাকারীঃ কায়েস ইবনে তালক (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80309

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন